JAN. 29 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

দৈনিক সংবাদ

য়েছে।

# জাতীয় শিক্ষা সপ্তাহ আজ শুরু

নিজস্ব বার্তা পরিবেশক ঃ আজ ২৯শে জানুয়ারি জাতীয় শিক্ষা সপ্তাহের শুরু। এ উপলক্ষে সরকারি ও বেসরকারিভাবে বিভিন্ন আনুষ্ঠানিকতা ও উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এবারের শিক্ষা সপ্তাহের প্রতিপাদ্য বিষয় মানবকল্যাণে শিক্ষা।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী ঃ জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার বাণীতে উল্লেখ করেছেন, বাংলাদেশের সংবিধানে দেশের সকল নাগরিকের জন্য শিক্ষার অবাধ ও সমান সুযোগ নিশ্চিত করার বিধান আছে। বিশ্বময় জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে যে অভা-বনীয় অগ্রগতি সাধিত হচ্ছে তার সাথে তাল মিলিয়ে চলতে না পারলে আমরা সমকালীন বিশ্বের অগ্রযাত্রায় পিছিয়ে পড়ব, বিশ্বসভায় নিজেদের প্রতিষ্ঠিত করতে পারব না। তাই শিক্ষার গুণগতমানের উৎকর্ষ সাধনে আমাদের সচেষ্ট হতে হবে। তিনি বলেন, জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় আজ সোমবার শিক্ষা সম্মেলনের আয়োজন করেছে। সকাল ৯টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে এ সম্মেলনে প্রধান অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক।